



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

web-site : www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/ ১১০১

তারিখ : ২৪/১১/১৬

বিষয় : অস্থায়ী স্বীকৃতি প্রদান।

সূত্র : ক) ২৩-১০-২০১৬ তারিখের বিদ্যালয় মঞ্জুরী কমিটির ৫১তম সভার সিদ্ধান্ত।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রে আপনাকে জানান যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্ত/শর্তসমূহ পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৭ তারিখ হতে ৩১-১২-২০১৮ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য আপনার বিদ্যালয়টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হ'ল। প্রকাশ থাকে যে, নিম্নে আরোপিত শর্ত/শর্তসমূহ পূরণ পূর্বক অস্থায়ী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেলে বিধিমোতাবেক পরবর্তী অস্থায়ী স্বীকৃতির বিষয় বিবেচিত হবে।

আরোপিত শর্ত সমূহ :

- ১। বিদ্যালয়ের নিজস্ব জমির উপর ভবন নির্মাণ করতে হবে।
- ২। অস্থায়ী স্বীকৃতির পত্র ইস্যুর তারিখ হতে আগামী ৯০ (নব্বই) দিনের মধ্যে বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন করে অনুমোদনের জন্য ২০০০/- ফিসসহ অত্র বোর্ডে দাখিল করতে হবে। যে সকল বিদ্যালয়ে অনুমোদিত ম্যানেজিং কমিটি আছে তাদের ক্ষেত্রে শর্তটি প্রযোজ্য হবে না।
- ৩। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/ কম্পিউটার সচল থাকতে হবে এবং যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
- ৪। পাবলিক পরীক্ষার ফলাফলের মান আরও উন্নীত করতে হবে।
- ৫। বিদ্যালয়ে পাঁচ সদস্যের আভ্যন্তরীণ অডিট কমিটি গঠন পূর্বক প্রতি ছয় মাস অন্তর আয়-ব্যয়ের হিসাব অডিট পূর্বক পরবর্তী স্বীকৃতি নবায়নের সঙ্গে সমুদয় অডিট রিপোর্ট দাখিল করতে হবে। অন্যথায় পরবর্তীতে স্বীকৃতি নবায়ন করা হবেনা। বোর্ড কর্তৃপক্ষ যে কোন সময় উক্ত অডিট রিপোর্ট তলব করবে।
- ৬। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে।
- ৭। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ্যপুস্তক প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৮। বোর্ডের পূর্বনুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবেনা।
- ৯। জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে।
- ১০। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের লেখাপড়ার মান উন্নয়ন করতে হবে।
- ১১। কম্পিউটারি প্রভিডেন্স ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দের বিধিমোতাবেক যে পরিমাণ চাঁদা কর্তন করবেন স্কল কর্তৃপক্ষ সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর তহবিলে জমা করবেন।

প্রধান শিক্ষক

এ্যাডভেঞ্চার ইন্টারন্যাশনাল মিশন স্কুল(এইসম) (১৩৬৭১৭)

ডাকঃ আল্লারদর্গা, সদর, কুষ্টিয়া


(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোনঃ ০৪২১- ৬৮৬৩৪


Email : is@jessoreboard.gov.bd

তারিখ : ২৪/১১/১৬

স্মারক নং-বিঅ-৬/ ১১০১(১-১০)

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, পলাশী নীলক্ষেত, ঢাকা-১২০৫
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।
- ৫। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুষ্টিয়া
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কুষ্টিয়া
- ৮। মাধ্যমিক নিবন্ধন বিভাগ, অত্র বোর্ড।
- ৯। মাধ্যমিক পরীক্ষা বিভাগ, অত্র বোর্ড।
- ১০। সংরক্ষণ নথি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

